চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২
রাউজান, চট্টগ্রাম।
web: www.pbs2.chittagong.gov.bd
e-mail: ctgpbs2@yahoo.com
Phone : 03026-56077

ISO 9001:2015 (Certified)

স্মারক নং- ২৭.১২.১৫৭৪.৫২৯.০২.০০৮.২৪. 2956

তারিখঃ ৩০ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
১৪ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ

# ''আন্তঃপবিস পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি''

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্নিত পদে লোকবল নিয়োগের লক্ষ্যে প্যানেল প্রস্তুতের নিমিত্তে নিম্নবর্নিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার রিডার(চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)গণের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|
| মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি অনুযায়ী নির্ধারিত মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো' ২০১৬ অনুযায়ী বেতন গ্রেড-১ এর প্রারম্ভিক ধাপে বেতন, যাহা বেশি তাহা নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে। এক্ষেত্রে বাপবিবোর জারিকৃত হালনাগাদ সার্কুলার অনুসরণ করা হবে। | ০১) বয়স সীমাঃ<br>আবেদনকৃত প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৫২ (বায়ান্ন) বছর (১১-০৮-২০২৪ খ্রিঃ তারিখে)। নিয়োগকৃত প্রার্থীরগণ সর্বোচ্চ ০৯(নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>০২)অভিজ্ঞতাঃ<br>আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন)/০৬ (ছয়)/০৯ (নয়) বৎসর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনকারী পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। তবে আগামী ০৩ (তিন) মাসের মধ্যে যাদের চুক্তি শেষ হবে তারা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।<br>০৩) অন্যান্য যোগ্যতাঃ<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্থ, মার্জিত, ব্যক্তিত্ব সম্পন্ন, সুঠামদেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতেহবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। |

অন্যান্য শর্তাবলীঃ

(১) উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী পল্লী বিদ্যুৎ সমিতির প্রাক্তন মিটার রিডার(চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)গণকে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (www.pbs2.chittagong.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং: পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখঃ ২৭-০৪-২০১৪ খ্রিঃ) A-4 সাইজের কাগজে ডাউন লোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১১-০৮-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাউজান, চট্টগ্রাম এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার যোগে আবেদনপত্র প্রেরণ করতে হবে । সাদা কাগজে হাতে লিখিত / টাইপকৃত এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

(২) আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

ক) স্থানীয় ইউনিয়ন পরিষদ / পৌরসভার মেয়র / ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত হালনাগাদ নাগরিকত্ব সনদপত্র।
খ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
ঘ) ১ম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ এর সত্যায়িত অনুলিপি।
চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত ''অভিজ্ঞতাসনদ'' এজিএম (প্রশাসন/এইচ আর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

(৩) নির্বাচিত প্রার্থীকে ০৩(তিন) বছর মেয়াদের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ন্যূনতম ০১/০২ টি কর্মদিবসের ব্যবধানে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যাবে। একই নিয়মে সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের পর সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে সর্বোচ্চ ০৩ (তিন) মেয়াদে (৩+৩+৩) সর্বমোট ০৯ (নয়) বৎসর চাকুরীতে বহাল রাখা হবে। তবে কোন অবস্থাতেই সর্বমোট ০৯ (নয়) বৎসরের অধিককাল চাকুরী অথবা বয়স ৫৫ (পঞ্চান্ন) বৎসরের বেশী (যেটি আগে আসে) চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না।

(৪) ওয়েবসাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পুরন করে আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অভিজ্ঞতার সনদপত্র, অন্যান্য সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি, সাম্প্রতিক কালে তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (রঙ্গিন ম্যাট পেপার, সাদা ব্যাক গ্রাউন্ড থাকতে হবে), জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / পৌরসভার কাউন্সিলর / সিটি কর্পোরেশন এর কাউন্সিলর এর নিকট হতে চারিত্রিক সনদপত্র সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। সকল সনদপত্র ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবীযুক্ত সীলসহ) কর্তৃক সত্যায়িত হতে হবে।

(৫) প্রাপ্ত আবেদনপত্র সমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পন্ন পূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল (OnJob Service Length) বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারনের ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুসরণ করা হবে।

(৬) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকুলে ১০,০০০/=(দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে। যা সন্তোষজনক চুক্তি সমাপানান্তে মুনাফাসহ ফেরত প্রদান করা হবে।

(৭) যে সকল প্রার্থী ইতিপূর্বে অত্র পবিসে মিটার রিডার(চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(৮) অত্র পবিস এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা তাদের স্বামী/স্ত্রীর সঙ্গে রক্তের সম্পর্কিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

(৯) ইতোপূর্বে অন্য কোন সংস্থায় ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃংখলা জনিত কারণে অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতিরেকে তাৎক্ষনিকভাবে চাকুরী হতে বরখাস্ত করা হবে।

(১০) দুই বা তার অধিক সহোদর বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করলেও এক জনের বেশী নিয়োগ প্রাপ্ত হবেন না।

(১১) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগণ বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি, অন্য কোন প্রতিষ্ঠানের চাকুরীতে সার্বক্ষনিক বা খন্ডকালীন নিয়োজিত হতে/থাকতে পারবেন না।

(১২) ইতোপূর্বে কর্মরত পবিসে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর মিটাররিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতীত চুক্তি নবায়ন করা হবে না। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল পূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

(১৩) স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে / নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন কারন দর্শানো ব্যতিরেকে তাৎক্ষনিকভাবে নিয়োগ বাতিলসহ চাকুরী হতে বরখাস্ত করা হবে।

(১৪) নিয়োগের ক্ষেত্রে বেশী অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

(১৫) যে সকল প্রার্থীর স্থায়ী ঠিকানা চট্টগ্রাম জেলায় সে সকলপ্রার্থীগনের আবেদন করার প্রয়োজন নেই।

(১৬) অসম্পূর্ন /ভুল আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

(১৭) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

14/07/2024
(মোহাম্মদ সরওয়ার জাহান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মঃ ও ব্যবঃ পরিচালন (দক্ষিনাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
০৬। পুলিশ সুপার, চট্টগ্রাম।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ....................................পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী অফিসার রাউজান / রাংগুনিয়া / ফটিকছড়ি উপজেলা, চট্টগ্রাম।

} সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য আপনার দপ্তরে নোটিশ বোর্ড/ওয়েব সাইডে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

০৯। ডিজিএম (নোয়াপাড়া/আজাদীবাজার/রাংগুনিয়া/ফটিকছড়ি) জোনাল অফিস/সদর-কারিগরী, চপবিস-২।
১০। এজিএম (ধামাইরহাট/দাঁতমারা সাব জোনাল/এম,এস/অর্থ(রাজস্ব/হিসাব)/প্রশাসন, চট্টগ্রাম পবিস-২।
১১। এজিএম (আইটি-২), চট্টগ্রাম পবিস-২ (সমিতির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১২। নোটিশ বোর্ড, চট্টগ্রাম পবিস-২।
১৩। অফিস নথি।

14/07/2024
(মোহাম্মদ সরওয়ার জাহান)
জেনারেল ম্যানেজার

ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখঃ.২৭/০৪/২০১৪খ্রিঃ

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ''মিটার রিডার কাম ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)'' পদে প্যানেলভুক্তি / নিয়োগ লাভের জন্য আবেদন ফরম (সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পুরণ করতে হবে)

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২
রাউজান,চট্টগ্রাম।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-০২-২০২৪

..............................................
২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণঃ চুক্তিভিত্তিক

৪.বিজ্ঞাপনের সূত্র- ওয়েব সাইট

৫.প্রকাশনার তারিখঃ ১৪-০৭-২০২৪ খ্রিঃ

..............................................
৬.আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

..............................................
(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

..............................................
৭. জন্ম তারিখ(এসএসসি পরীক্ষার সনদ/ নিবন্ধন অনুযায়ী)

..............................................
৮. মাতার নাম

......../........../..........  ..(দিন/মাস/বছর)
৯. বয়স (১১-০৮-২০২৪ খ্রিঃ তারিখে)

..............................................
১০. পিতার নাম

..............................................
১১. ধর্ম

..............................................
১২.জাতীয়তা

..............................................
১৩. নিজ জেলা

..............................................
১৪.টেলিফোন/মুঠোফোন নম্বর

১৫.বৈবাহিক অবস্থা
(টিক (✓) দিন)

| | বিবাহিত | | অবিবাহিত |
|---|---|---|---|

১৬.কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (✓ দিন):

| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম ও শারীরিক প্রতিবন্ধি |
|---|---|---|---|---|---|---|---|
| | উপজাতি | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | | অন্যান্য | | |

১৭. স্থায়ী ঠিকানাঃ

| ................................... | ................................... | ................................... | ................................... |
|---|---|---|---|
| ক.গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ.উপজেলা/থানা | গ. জেলা |

১৮.যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র /নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ................................... | ................................... | ................................... | ................................... |
|---|---|---|---|
| ক.গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ.উপজেলা/থানা | গ. জেলা |

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ ডাং........... রাউজান, চট্টগ্রাম

চলমান পাতা-২

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী / গ্রেড | |
| এসএসসি/সমমান/অষ্টম শ্রেনী | | | | |

২০. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| পবিসের নাম | পদের নাম | বেতন স্কেল | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্নীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা,ঠিকানা, টেলিফোন/মুঠোফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। যোগদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা এবং অভিজ্ঞতা এর মূল সনদসমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকবো।

..............................
তারিখ

..............................
আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ-সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২
তাং..............
রাউজান, চট্টগ্রাম